গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষের রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং ১০(২২৬)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০২৬/৩৬৫৮, তারিখঃ ২০/০৭/২০২৬ বিজ্ঞপ্তি মোতাবেক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষের স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির রিলিজ স্লিপে আবেদনকৃত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্ন বর্ণিত সময়সূচী ও নিয়মাবলী অনুযায়ী ভর্তির কার্যক্রম সম্পন্ন করা হবে।

| কার্যক্রমের বিবরণ | বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা | ২৭/০৭/২০২৬ হতে ৩০/০৭/২০২৬ পর্যন্ত ০৯.৩০ টা হতে ০১.০০ টা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) |

**অনলাইনে কলেজের ভর্তি ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের করণীয় ঃ**

অনলাইনে কলেজের **Education Management System (EMS)**-এ ভর্তির জন্য **http.//gssmc.eshiksabd.com/** লিংকে প্রবেশ করে শিক্ষার্থীদের কমন ইউজার নেইম ও পাসওয়ার্ড (**User Name: gssmcstudent** ও **Password: gssmcstudent**) দিয়ে **Login** করে মেনু থেকে প্রথমে **Admission** এ ক্লিক করতে হবে, পরবর্তীতে **Click for New Admission** এ ক্লিক করে **Select Group** থেকে ভর্তিচ্ছু শ্রেণি **Honours** নির্বাচন করে **Select Department** থেকে **Subject** (যেমন **Bangla/ English/ History/ Islamic History And Culture/ Philosophy/ Political Science/ Social Work/ Economics/ Accounting/ Management** যার জন্য যেটি প্রযোজ্য) নির্বাচন করে **Admission Roll** দিয়ে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তির তথ্য সম্বলিত ফরম প্রদর্শিত হবে। সেখানে শিক্ষার্থী নিজে তার সকল তথ্য পিতা ও মাতার ভোটার আইডি কার্ডের নম্বর এন্ট্রি করার পর **Save** এ ক্লিক করলে টাকার পরিমাণসহ পূরণকৃত ভর্তি ফরম প্রদর্শিত হবে। উক্ত প্রদর্শিত ভর্তি ফরম প্রিন্ট করতে হবে।

**প্রদত্ত ফি সমূহ ঃ**

ক) ভর্তি ফি, রেজিস্ট্রেশন ফি, বেতন, সেশন চাজ, সেমিনার ফি ও শিক্ষা সফর ফি বাবদ ফিসের বিবরণঃ

| ক্রঃ নং | বিভাগ | ভর্তি ফি |
|---|---|---|
| ০১. | বিএ/বিএসএস | ৬,১৭৯ টাকা |
| ০২. | বিবিএ | ৬,২৩৯ টাকা |

***** এ কলেজে ভর্তির ক্ষেত্রে Bkash/ Rocket App - এর মাধ্যমে টাকা জমা দিতে হবে।**

**ভর্তির অন্যান্য নিয়মাবলী ও করণীয় ঃ**

**০১। ভর্তি ফরম সংগ্রহ ও জমা ঃ**

১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদেরকে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের www.nu.ac.bd/Admission অপশনে **Honours Login** লিংকে গিয়ে যথাযথভাবে ফরম পূরণপূর্বক **A4** সাইজ (৮.৫"× ১১") অফসেট সাদা কাগজে প্রিন্ট করে ও কলেজের **EMS** থেকে পূরণকৃত ভর্তি ফরম প্রিন্ট করে ৩নং ধারায় উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করে সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় প্রধানগণের নিরীক্ষার পর ভর্তির চূড়ান্ত আবেদন ফরম মূল কপি এবং এক সেট ফটোকপি করে এ কলেজের হিসাব শাখায় জনাব মোঃ মাসুদ রানা/মোঃ আলমগীর হোসেন-এর নিকট জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**০২। ভর্তি ফরমের প্রতি সেটের সঙ্গে যে সকল কাগজ পত্র জমা দিতে হবে ঃ**

ক) জাতীয় বিশ্ববিদ্যলয়ের ভর্তি ফরম **College Copy** - ০১ কপি।

খ) **Student Fee Payment Receipt**- ০১ কপি।

গ) এসএসসি/সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি - ০১ কপি । (বিভাগীয় শিক্ষক কর্তৃক সত্যায়িত)।

ঘ) এইচএসসি/ সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি - ০১ কপি । (বিভাগীয় শিক্ষক কর্তৃক সত্যায়িত)।

ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ২ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি ২ কপি (সাদা ড্রেস পরিহিত) খামে ভরে মূল ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

ঙ) কোন শিক্ষার্থী ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অনার্স/ ডিগ্রী পাস কোর্সে ভর্তি হয়ে থাকলে তাদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তি বাতিলের অনুমতির কপি এবং যারা কোন কলেজে ভর্তি হয় নাই তাদের ক্ষেত্রে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক পাঠ বিরতি/শিক্ষা বিরতি সনদ প্রদান করতে হবে ১কপি।

০৩। অনলাইন ফরম পূরণ করতে যে সকল কাগজপত্র প্রয়োজন ঃ-

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১ কপি।

খ) এসএসসি ও এইচএসসি নম্বরপত্রের ফটোকপি।

গ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঘ) শিক্ষার্থীর ডিজিটাল জন্ম সনদের ফটোকপি।

০৪। নির্দেশনাঃ

১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৮ জুলাই, ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৫- ২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

*** এইচএসসি/সমমানের পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট স্ব-স্ব বিভাগে অবশ্যই জমা দিতে হবে (যা স্ব-স্ব বিভাগ সংরক্ষণ করবে)।

বি : দ্র : ২য় রিলিজ স্লিপের আবেদনের ফলাফল ও ভর্তির তারিখ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে পাওয়া যাবে।

বিভাগীয় প্রধানগণের করনণীয় ঃ সংশ্লিষ্ট বিভাগের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি করার সময় ভর্তি ফরমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, জিপিএ ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত মূল নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। যদি কোন শিক্ষার্থীর ভর্তি ফরম ও নম্বর পত্রের সংগে তথ্যগত অসংগতি পরিলক্ষিত হয়, তবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবরে লিখিত অথবা ই-মেইলে জানানোর লক্ষ্যে অবিলম্বে অফিস সাধারণ শাখায় জনাব অমৃত বিশ্বাস-এর সাথে যোগাযোগ করার জন্য বলা হল।
জনাব মোঃ মাসুদ রানা/মোঃ আলমগীর হোসেন-কে ভর্তির আবেদন ফরম গ্রহণ করে জনাব অমৃত বিশ্বাস এর নিকট জমা দেয়ার জন্য বলা হল।

*** Bkash/ Rocket App - এর মাধ্যমে টাকা জমার পদ্ধতি বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হলো।

স্বাঃ

(অধ্যাপক আব্দুল্লাহ্ আল মাতীন)
আইডি-০৮৯৬৯
অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।

স্মারক নং ৬২২/২৬ তারিখঃ 29.07.2026

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলঃ

১। উপাধ্যক্ষ, এ কলেজ।
২। বিভাগীয় প্রধানঃ বাংলা/ ইংরেজী/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ দর্শন/ অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান/ সমাজকর্ম/ হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ, এ কলেজ।
৩। জনাব মোঃ শেখ মুজিব, প্রদর্শক (বেসরকারী), আইসিটি বিভাগ, এ কলেজ।
৪। হিসাব রক্ষক, এ কলেজ।
৫। জনাব সুলতান আহমেদ/জনাব সাব্বির হোসেন/জনাব মোঃ মাসুদ রানা/জনাব অমৃত বিশ্বাস/জনাব রূপালী শিকদার/ জনাব মোঃ ওয়াসিউল খান/জনাব মোঃ মিরাজ শেখ, এ কলেজ।
৬। নোটিশ বোর্ড/ ওয়েবসাইট/ ইএমএস/ হেল্প ডেস্ক, এ কলেজ।
৭। সংরক্ষণ নথি।

29/7/26

অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।